

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক নং ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ১২৩. ২০১৭- ৮২৩


তারিখঃ ২০/০৮/১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-৩৭৫৫/২০১৭, বাদী-জনাব মোহাম্মদ জাহিরুল হক, পিতা-মৃতঃ এমদাদুল হক, থানা-ডবলমুড়িং, চট্টগ্রাম-বনাম-সরকার ও অন্যান্য মামলা প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

The Municipal Corporation (Taxation) Rules, 1986 এর বিধি ২০, ২১, ২২ ও সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল-২০১৬ এর অনুচ্ছেদ-৩ এবং ফরম-বি' এর মাধ্যমে স্বনির্ধারনী পদ্ধতিতে রিটার্ন দাখিল সংক্রান্ত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২৬.১০.২০১৬ তারিখের নোটিশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশনটি দায়ের করা হয়েছে। মহামান্য আদালত উক্ত নোটিশের কার্যকারিতা ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করতঃ রুল ইস্যু পূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহনকরতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট এ বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপ-সচিব (আইন)
ফোন-৭১৬০৯৯৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।
- ২। উপ-সচিব (সিটি কর্পোরেশন-১), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে সহযোগিতার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। অফিস কপি।